

স্মারক নং: ববি/ইং/প্রো.অ/২০২১/০৭৭

জুন ০৬, ২০২১

অফিস বিজ্ঞপ্তি



DEPARTMENT OF
ENGLISH
VARENDRA UNIVERSITY

রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন

- ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, সামার-২০২১ সেমিস্টারে অনার্স এবং মাস্টার্স প্রোগ্রামের সকল শিক্ষার্থী আগামী জুন ০৭, ২০২১ তারিখ হতে জুন ১৫, ২০২১ তারিখ পর্যন্ত রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। রিটেক/ইমপ্রুভমেন্ট কোর্সের জন্য নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফর্মটি <https://vu.edu.bd/notice/details/2394> লিংকটির মাধ্যমে ডাউনলোড করে নিতে হবে। বিভাগের ওয়েবসাইটের নোটিস বোর্ডেও ফর্মটি পাওয়া যাবে।
- ফর্মটি পূরণ করে আগামী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে office.english@vu.edu.bd এবং office.english2@vu.edu.bd ই-মেইল অ্যাড্রেস দুটিতে পাঠাতে হবে। নির্দিষ্ট তারিখের পরে আর কোনো আবেদন গ্রহণ করা হবে না। ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের জন্য কোর্সের গ্রেড B বা তার নিচে থাকতে হবে।
- ফোনে রেজিস্ট্রেশন করা যাবে না অথবা ই-মেইল পাঠানোর পরে আর কোনো পরিবর্তন করা যাবে না।
- রেজিস্ট্রেশনকারী শিক্ষার্থীদের নিজ নিজ কোর্সের শিক্ষকদের সাথে ১৭/০৬/২০২১ তারিখের মধ্যে যোগাযোগ করে রেজিস্ট্রেশনকৃত কোর্স সম্পর্কে অবগত করতে হবে এবং তাঁদের নির্দেশনা অনুযায়ী অনলাইন ক্লাস/অ্যাসাইনমেন্ট/ক্লাসটেস্ট/মিডটার্ম/ফাইনাল পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- শিক্ষার্থীদের অবগতির জন্য বিশেষ গুরুত্বের সাথে জানানো যাচ্ছে যে, সশরীরে ডিপার্টমেন্টে এসে রিটেক বা ইমপ্রুভমেন্ট পরীক্ষা দেয়ার ক্ষেত্রে ব্যক্তিগত সিদ্ধান্ত নেবার পরই যেন তারা উক্ত পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করে।

সামার'২১ সেমিস্টারের রিটেক এবং ইমপ্রুভমেন্ট কোর্সের পরীক্ষা প্রসঙ্গে

ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী, সামার-২০২১ সেমিস্টারে রিটেক এবং ইমপ্রুভমেন্ট কোর্সের পরীক্ষা (মিডটার্ম ও ফাইনাল) অনলাইনে অনুষ্ঠিত হবে না। রিটেক এবং ইমপ্রুভমেন্ট কোর্সের মিডটার্ম (৩০%) ও ফাইনাল (৪০%) পরীক্ষা লিখিত ভাবে স্বাস্থ্যবিধি মেনে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো:

- সকলকে অবশ্যই মাস্ক পরিধান করে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে হবে।
- স্বাস্থ্যবিধি মেনে কক্ষে আসন বিন্যাস করা হবে।
- শিক্ষার্থীরা পরীক্ষা শুরু হওয়ার কেবলমাত্র আধা ঘন্টা আগে ক্যাম্পাসে আগমন এবং পরীক্ষা শেষ হওয়ার ১০ মিনিটের মধ্যে ক্যাম্পাস থেকে প্রস্থান করবে।
- বিশ্ববিদ্যালয়ে প্রবেশের আগে শিক্ষার্থীদের শরীরের তাপমাত্রা পরীক্ষার পর জীবাণুনাশক স্প্রে ও হ্যান্ড স্যানিটাইজার দিয়ে তাদের জীবানুমুক্ত করা হবে।

বি.দ্র: কন্টিনিউয়াস অ্যাসেসমেন্ট (ক্লাসে উপস্থিতি, ক্লাস টেস্ট, কুইজ, প্রেজেন্টেশন, অ্যাসাইনমেন্ট ইত্যাদি) অনলাইনে অনুষ্ঠিত হবে।

S. I. Rahman

প্রফেসর মো. শহীদুর রহমান

বিভাগীয় প্রধান

ইংরেজি বিভাগ, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়